


Book review - Ami Se o Sokha by Moumita Chatterjee



আমি সে ও

সখা

লেখক

জয়তী রায় শুভশ্রী সাহা

ধীমান পাল

প্রচ্ছদ

ধীমান পাল

আলোচক - মৌমিতা চ্যাটার্জী

বলতে দ্বিধা নেই চেনা তিনটি নাম দেখেই বইটি কেনা, নইলে কবিতা সেভাবে বুঝি কই ! হয়তো বা হঠাৎ-ই কোনো লাইন ভালো লেগে যায় - কোনো কবিতা পড়ে অস্ফুটে মুখ দিয়ে বেরিয়ে আসে বাহ ! তবু কেন এটা ভালো লাগল কিম্বা ওটা কেন ঠিক ততটা ভালো লাগল না, তা বুঝিয়ে বলতে পারব না।

সে যাই হোক, এ বইয়ের কথায় আসি। প্রথমেই নজর কাড়ে দুর্দান্ত শৈল্পিক প্রচ্ছদ। ধীমান পাল নিজে শিল্পী - তার ভাবনার বিন্যাসটাই অনন্য - সে

রঙতুলিতেই হোক বা কাগজেকলমে ! পাতা ওলটাতেই কালো অক্ষরে এমন কিছু ভালোলাগার হৃদিশ বাধ্য করল প্রথম থেকে মন দিয়ে খুঁটিয়ে পড়তে ! প্রথমেই বিশিষ্ট কবি রেহান কৌশিকের আলোচনা যেন আলো দেখাল - আবছা আলোয় দেখা যায় একটি টেবিলে ধূমায়িত তিনটি কফিমগ ঘিরে তিনজন মানুষের মুখ। তাদের বলা না - বলা কথাগুলোই যেন একেকটা কবিতা হয়ে উঠছে। শেষ পর্যন্ত সব কথা কবিতারা মিলে মিশে একটা গল্প হয়ে উঠতে চায়, এমনিই সুনিপুণ এই বইয়ের গ্রন্থনা ও বিন্যাস। অথচ কী আশ্চর্য, তিনজন মানুষের ভাবনঘরে ভিন্ন ভিন্ন সময়ে জন্ম নিয়েছে এইসব কবিতা।

আমি-

‘বৃষ্টিতে ভিজে উড়ন্ত চিল কার চিঠি নিয়ে যায় ?

নিশ্চুপে তুমি বসে আছ আজো শূন্যের জানালায়’

এর উত্তরে সে যখন বলে,

‘ধুলোযাপনের পরই দীর্ঘ বৃষ্টিদিন

অবসাদের শেষে বৃষ্টি আসে নেমে ...’

সখার কথায় -

‘কখনো কখনো হঠাত বৃষ্টি অনেক কথা বলে

তুই দু হাত বাড়ালেই হৃদয় ভাসে জলে ...

... কখনো কখনো মধ্য রাতেই হঠাত দারুণ ঝড়

হ্যালো, শুনছিস কি তুই ? ভাঙছে আমার ঘর ...’

আমি - জয়তী রায়, সে - শুভশ্রী সাহা ও সখা - ধীমান পাল - আপন

Book review - *Ami Se o Sokha* by Moumita Chatterjee

দ্যুতিতে তিনজনেই সমুজ্জ্বল। প্রতিষ্ঠিত লেখিকা জয়তী রায়ের কলম একইসঙ্গে বলিষ্ঠ ও সুললিত। শুভশ্রী সাহার এটি প্রথম বই কিন্তু সাহিত্যজগৎ তার শৈল্পিক উচ্চারণ শুনেছে এবং মোহিত হয়েছে। ধীমান পাল তাঁর অননুকরণীয় স্টাইলে চমকে দেন বারংবার। যেটা বিশেষভাবে বলার কথা, নিজেদের স্বকীয় ভাবনার প্রকাশ আছে প্রত্যেকের প্রতিটি কবিতায় ; তবু নিজস্বতা অটুট রেখেই ভাবনারা ছুটেছে পরস্পরের আঙুলে আঙুল জড়িয়ে-মিলে গেছে তারা বৃহত্তর আলোর দিগন্তে ; ঠিক যেভাবে মিশে যায় আকাশ, পৃথিবী ও সাগর।

বইটি পাঠ করে এক অদ্ভুত আচ্ছন্নতায় বৃন্দ হয়ে থাকি। পাঠ তো নয় - এ যেন কোনো মহাসমুদ্রে অবগাহন ; মনে হয় ডুব দিয়ে পান করে নিই এ অগাধ জলরাশি। মন চায় ডুব দিয়ে তলিয়ে যেতে - গভীরে, অতল গভীরে ...

'রা' প্রকাশনার এই বইটি হাতে নিলেই একটা ভালোলাগার আবেশ ছুঁয়ে যায়। শৈল্পিক প্রচ্ছদ, বাকবাক্যে ছাপা সর্বোপরি মুদ্রণ প্রমাদ নেই বললেই চলে। এই বইমেলাতেই প্রথম প্রকাশ। এক সপ্তাহের মধ্যে প্রথম সংস্করণ শেষ হয়ে গিয়ে দ্বিতীয় সংস্করণ প্রকাশিত। অনুভবী পাঠক আপন মনের গভীরে ডুব দিতে চাইলে ছুঁয়ে দেখতে পারেন তিন কলমের মাদলে আমি সে ও সখা ...